প্রফেসর তাহমিনা আক্তার নূর
আইডি নং-০০২৭১৮
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ

"মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস,চট্টগ্রাম
তথ্য বাতায়ন: www.bmet.chittagong.gov.bd

স্মারক নং-৪৯.০১.১৫০০.০০১.২৩.০০৯.২০- ৭৭৬(১৫) তারিখ ঃ ২৫/০৫/২০২১খ্রিঃ

**বিষয় ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের-২০২০ সালের এসএসসি/সমমানের ক্যাটাগরীতে শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তি প্রেরণ প্রসংগে**

সূত্র ঃ ১। ওআকবো, ঢাকার স্মারক নং-৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০(১১)-১৪৪ তারিখঃ ২০/০৫/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ধীন "ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড" কর্তৃক প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে **যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা শ্রেণীতে অধ্যয়নরত**, তাঁদের নিকট থেকে শিক্ষা বৃত্তির দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিখানি সকল সম্মানিত প্রবাসীর পরিবারকে সদয় অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের নিকট এতদসংগে প্রেরণ করা হ'ল (কপি সংযুক্ত)। দুই পদ্ধতিতে আবেদন করা যাবে (১) অনলাইনে আবেদন লিংক: **http://stipen.wewb.gov.bd/stipend** (২) সরাসরি আবেদন ফরম ও বিজ্ঞপ্তি **www.wewb.gov.bd /www.bmet.chittagong.gov.bd** ওয়েব সাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তির শর্তানুসারে যথাযথভাবে আবেদনপত্র পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে **আগামী ৩০ জুন' ২০২১খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে/সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা পৌঁছাতে হবে।**

সংলগ্নী ঃ বিজ্ঞপ্তি ও আবেদন পত্র ২ (দুই) পাতা

মোহাম্মদ জহিরুল আলম মজুমদার
উপপরিচালক(চ.দা.) ২৫/০৫/২০২১
ফোন-৭২০৮৮১/৭২১৬৩৯

✓ প্রধান নির্বাহী কর্মকর্তা, চসিক,চট্টগ্রাম
✓ জেলা প্রশাসক, চট্টগ্রাম
✓ উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ
জেলা প্রশাসকের কার্যালয়,চট্টগ্রাম

কপি বিতরণ (সদয় কার্যার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে ঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চট্টগ্রাম

আপনার প্রশাসনিক অধিক্ষেত্র হিসেবে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে সদয় অবহিত করার বিনীত অনুরোধসহ

৪। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস,চট্টগ্রাম (শিক্ষাবৃত্তির বিষয় সকল স্থানীয় পত্রিকায় সংবাদ আকারে প্রকাশের বিনীত অনুরোধসহ)
৫। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
৬। অধ্যক্ষ, বাংলাদেশ কোরিয়া কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম
৭। অধ্যক্ষ, মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম
৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, আমবাগান, চট্টগ্রাম
৯। সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, প্রবাসী কল্যাণ ডেস্ক, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম
১০। ..........................................................................
১১। জনাব আনার কলি, জনশক্তি জরীপ অফিসার, অত্র দপ্তর (অত্র দপ্তরের ওয়ে পোর্টালে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

কপি বিতরণ (সদয় জ্ঞাতার্থে) ঃ

১। মহাপরিচালক, বিএমইটি, ঢাকা দৃষ্টি আকর্ষণ ঃ পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএমইটি, ঢাকা
২। মহাপরিচালক,ওআকবো, ঢাকা দৃষ্টি আকর্ষণ ঃ পরিচালক (আইআরপি),ওআকবো, ঢাকা
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৫। ............................................................................, চট্টগ্রাম
৬। মাষ্টার নথি/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০.(১১)-১৪৪

তারিখ:-২০/০৫/২০২১খ্রিঃ

## এসএসসি/সমমান ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি -২০২০" এর দরখাস্ত আহবান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার / বর্ষে) শ্রেণীতে অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে এবং সরাসরি দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## শর্তাবলী:

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

(ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন;

(খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।

(২) **শিক্ষার্থীর জিপিএ/সিজিপিএ:** নিম্নের ছকে বর্ণনা অনুযায়ী জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ | |
|---|---|---|---|---|
| | | | প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ১। | **এসএসসি/সমমান** | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |

(৩) **আবেদনপত্রের সঙ্গে নিয়োক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার সপক্ষে প্রমাণক হিসাবে আনুষঙ্গিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা / স্মার্ট কার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ এর ফটোকপি;(অনলাইনে আবেদনকারীর জন্য প্রযোজ্য নয়)।

খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ)

(৪) **বৃত্তির পরিমাণ:**

(ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যায়নরতদের ০৪(চার) বছর মাসিক ২,০০০/-(দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;

(খ) বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষ
ঙ্গিক খরচ বাবদ ৩,৫০০/-(তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে;

(৫) **আবেদনের প্রক্রিয়া:**

ক) অনলাইনে আবেদনের লিংক: **http://stipen.wewb.gov.bd/stipend**

খ) সরাসরি আবেদনের জন্য বোর্ডের ওয়েবসাইট **www.wewb.gov.bd** হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করা যাবে;

১. সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী **৩০/০৬/২০২১** তারিখের মধ্যে অনলাইনে/ সরাসরি / ডাকযোগে পরিচালক (আইআরপি) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;

২. শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই ফরমে উল্লেখ করতে হবে;

**(৬) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

*** যে কোন তথ্যের জন্য ২৪/৭"প্রবাসবন্ধু কলসেন্টার" এর নম্বরসমূহে: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২৯৩৩৪৮৮৮ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২০.০৫.২০২১

আরিফ আহমেদ খান
উপ-সচিব
পরিচালক (আইআরপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি (প্রধান শিক্ষক/অধ্যক্ষ/বিভাগীয় প্রধান কর্তৃক)

## এসএসসি/ সমমান পরিক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির আবেদন ফরম-২০২০

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ বাংলায় ঃ..........................................................................
ইংরেজি ঃ..........................................................................
শ্রেণি/Level ঃ.......................................,রোল নম্বর ঃ..........................................
বিভাগ/গ্রুপ ঃ ...........................,বর্ষ/সেমিস্টারঃ..........................,ছাত্র/ছাত্রীঃ..........

২. পিতার নাম (ইংরেজি) ঃ ........................................... পদবী ..........................................

৩. মাতার নাম (ইংরেজি) ঃ ...........................................পদবী ..........................................

৪. অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) ঃ নামঃ..........................................................................
সম্পর্কঃ....................................মোবাইলঃ..........................................

৫. জন্ম তারিখ ও বয়স ঃ তারিখঃ............/............../..................., বয়সঃ ............................. বছর ...........

৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর ঃ ..........................................................................
ঃ ..........................................................................

৭. প্রাপ্ত জিপিএ ঃ ..........................................................................

৮. বর্তমান ঠিকানা (ইংরেজি) ঃ ..........................................................................
..........................................................................
..........................................................................

৯. স্থায়ী ঠিকানা (ইংরেজি) ঃ গ্রামঃ ........................................., ডাকঘরঃ ..........................................
উপজেলা/থানাঃ........................................., জেলাঃ ..........................................

১০. শিক্ষার্থীর মাতা/পিতার মোবাইল নম্বর ঃ ..........................................................................

১১. শিক্ষার্থীর মোবাইল নম্বর (যদি থাকে) ঃ..........................................................................

১২.শিক্ষার্থীর পিতা/মাতার তথ্যাদি ঃ

| ক্রম | পাসপোর্ট নম্বর | দেশের নাম | কর্মস্থলের নাম- ঠিকানা | ফোন/ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |

সংযুক্তিঃ.............................
তারিখঃ.............................

..........................................
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম) ..............................................., পিতা ঃ .........................................., মাতা ঃ.............................................................. প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী । সে বর্তমানে ................ শ্রেণি, রোল নম্বর ঃ .................. বিভাগ/গ্রুপ ঃ ......................অধ্যয়নরত রয়েছে। আমার জানামতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন সন্তোষজনক।

১৩. প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধানের মোবাইল নম্বর............................................................................।

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত সীলসহ)

বিঃ দ্রঃ ১) সকল ক্রমিক নম্বরে আবশ্যিকভাবে তথ্য প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্যাদি এবং চাহিদাকৃত কাগজপত্রাদি দাখিল করতে ব্যর্থ হলে আবেদন পত্র বাতিল করা হবে।
২) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ০২ (দুই) সন্তানকে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে।